

ইতিকার

মুসলমানদের একধরনের উপাসনা

ইতিকার হল মুসলিমদের একটি ধর্মীয় চর্চা, যেখানে একজন মুসলিম তার নিজস্ব ইচ্ছানুযায়ী এক বা একাধিক দিন নিকটবর্তী মসজিদে দিনানিপাত করেন।^[১] রমজান মাসে এর বিশেষ গুরুত্ব রয়েছে, বিশেষত **রমজানের** শেষ দশ দিনের জন্য। অনেক মসজিদেই মুসলমানরা **রমযান** মাসের শেষ দশ দিনে ইতিকারে থাকে।

আরও দেখুন

- রমযান**
- ইতিকারের প্রকরণ : সুনাত ইতিকার : রমজানের শেষ দশকের ইতিকার। অর্থাৎ ২০ রমজানের সূর্য ডোবার আগ মুহূর্ত থেকে **শাওয়াল** মাসের চাঁদ ওঠা পর্যন্ত মসজিদে ইতিকার করা। এ ধরনের ইতিকারকে সুনাতে মুয়াক্কাদা কিফায়া বলা হয়। গ্রাম বা মহল্লাবাসীর পক্ষে কোনো এক বা একাধিক ব্যক্তি এই ইতিকার করলে সবার পক্ষ থেকে তা আদায় হয়ে যাবে। **ওয়াজিব** ইতিকার : নজর বা মানতের ইতিকার ওয়াজিব। যেমন কেউ বলল যে, আমার অমুক কাজ সমাধা হলে আমি এত দিন ইতিকার করব অথবা কোনো কাজের শর্ত উল্লেখ না করেই বলল, আমি এত দিন অবশ্যই ইতিকার করব। যত দিন শর্ত করা হবে তত দিন ইতিকার করা ওয়াজিব। ওয়াজিব ইতিকারের জন্য রোজা রাখা শর্ত। সুনাত ইতিকার ভঙ্গ করলে তা পালন করা ওয়াজিব হয়ে যায়। নফল ইতিকার : সাধারণভাবে যেকোনো সময় ইতিকার করা নফল। এর কোনো দিন কিংবা সময়ের পরিমাপ নেই। অল্প সময়ের জন্যও ইতিকার করা যেতে পারে। এ জন্য মসজিদে প্রবেশের আগে ইতিকারের নিয়ত

করে প্রবেশ করা ভালো। ইতিকাহের উদ্দেশ্য : ইতিকাহের প্রধান উদ্দেশ্য হচ্ছে লাইলাতুল কদর প্রাপ্তির মাধ্যমে মহান আল্লাহর একান্ত সান্নিধ্য লাভ। ইতিকাহের উদ্দেশ্য সম্পর্কে আল্লামা ইবনুল কাইয়েম র: বলেছেন, 'আল্লাহর প্রতি মন নিবিষ্ট করা, তাঁর সাথে নির্জনে বাস করা এবং স্রষ্টার উদ্দেশ্যে সৃষ্টি থেকে দূরে অবস্থান করা, যাতে তার চিন্তা ও ভালোবাসা মনে স্থান করে নিতে পারে।'

তথ্যসূত্র

1. "Itikaf", *Encyclopaedia of Islam*

বহিঃসংযোগ

- ইতিকাহ (<https://www.ebdpratidin.com/>) বাংলাদেশ প্রতিদিন, ৬ জুন ২০১৮, প্রথম পৃষ্ঠা, কলাম ১।
- Itikaf (اعتكاف) (<http://lasjan.page.tl/Itikaf.htm>)

'<https://bn.wikipedia.org/w/index.php?title=ইতিকাহ&oldid=5395980>' থেকে আনীত

সত্য অপলাপ দ্বারা ৮ মাস আগে সর্বশেষ সম্পাদিত

উইকিপিডিয়া
